

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত



## আটলান্টিক মেরিটাইম একাডেমি

বাড়ী # ১৯, রোড # ০১, সেক্টর # ১৩, উত্তরা, ঢাকা - ১২৩০।  
ফোন- ৮৮০-০২-৮৯৯১৭৬০, হট লাইন- ০১৯৬৩-৮৩০১৬৩-৫

### সমুদ্রগামী জাহাজের রেটিং কোর্সে প্রশিক্ষণের জন্য ২য় ব্যাচে ভর্তি বিজ্ঞপ্তি

দেশীয় এবং বিদেশী পতাকাবাহী সমুদ্রগামী সকল প্রকার বাণিজ্যিক জাহাজে নিয়োগের জন্য বিভিন্ন শ্রেণীর রেটিংদের (নাবিকদের) চাহিদা এবং সরবরাহের প্রতি দৃষ্টি রেখে নিম্নোক্ত ট্রেডসমূহে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচন করা হবেঃ

(ক) ডেক রেটিং (খ) ইঞ্জিন রেটিং (গ) সেলুন রেটিং (স্টুয়ার্ড ও কুক)।

প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) হিসাবে আবেদনের প্রয়োজনীয় যোগ্যতাঃ

#### শিক্ষাগত যোগ্যতা

ডেক ও ইঞ্জিন শ্রেণীর প্রশিক্ষণার্থী রেটিং এর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এস.এস.সি (বিজ্ঞান), সর্বনিম্ন জিপিএ-২.৫ অথবা সমমানের এবং সেলুন বিভাগের প্রার্থীদের যোগ্যতা যে কোন গ্রুপে ন্যূনতম এস.এস.সি সর্বনিম্ন জিপিএ-২.৫ অথবা সমমানের হতে হবে।

#### বয়সসীমা

বয়স সীমা ১৬ হতে ২০ বৎসরের মধ্যে হতে হবে। প্রার্থীর এস.এস.সি সনদে রেকর্ডকৃত বয়স ব্যতীত বয়স সম্পর্কে অন্য কোন সনদ কিংবা হলফনামা গ্রহণযোগ্য হবে না।

#### জাতীয়তা

প্রার্থীগণকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিদেশী নাগরিকগণকেও নির্বাচন করা যেতে পারে।

#### শারীরিক যোগ্যতা

এসটিসিডব্লিউ'২০১০ কনভেনশন মোতাবেক প্রার্থীকে শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে। আটলান্টিক মেরিটাইম একাডেমি কর্তৃক প্রার্থী নির্বাচনের সময় শারীরিক যোগ্যতাসমূহের প্রধান প্রধান অংশ বিজ্ঞপ্তিতে উল্লেখ করতে হবে।

### অভিজ্ঞ প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) হিসাবে বিভিন্ন পদে আবেদনের প্রয়োজনীয় যোগ্যতাঃ

(১) নৌ-বাহিনীর প্রার্থীঃ নিম্ন বর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে বাংলাদেশ নৌ-বাহিনী হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসর প্রাপ্ত উপযুক্ত নাবিকদের (সীম্যান, মেকানিক্যাল এবং ইলেকট্রিক্যাল ব্রাঞ্চ) হতে সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজে ডেক, ইঞ্জিন রেটিং এবং ইলেকট্রিশিয়ান রেটিং পদে প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) হিসাবে নিম্নোক্ত শর্ত পালন সাপেক্ষে নির্বাচন করা হবে

শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম এস এস সি (বিজ্ঞান), সর্বনিম্ন জিপিএ-২.৫ অথবা সমমানের ;

এস টি সি ডব্লিউ'২০১০ কনভেনশন মোতাবেক প্রার্থীদের শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে ;

(২) অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

- ফিটার (ডেক/ইঞ্জিন) - সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ মেয়াদী ডিপ্লোমা অথবা  
- নূন্যতম এস.এস.সি/সমমান পাশসহ স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট হতে উক্ত ট্রেডে ২ (দুই) বছর মেয়াদী কোর্স সম্পন্নকারী হতে হবে

- ইলেকট্রিশিয়ান - সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা।

- কুক - নূন্যতম এস এস সি পাশ এবং কোষ্টাল জাহাজ/ফিশিং জাহাজ/বাংলাদেশ নেভীর জাহাজে কুক হিসাবে অভিজ্ঞতা। অথবা  
- নূন্যতম এসএসসি পাশসহ বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের কোন প্রতিষ্ঠানে কোন অনুমোদিত ক্যাটারিং প্রতিষ্ঠানে প্রশিক্ষণসহ আন্তর্জাতিক মানের হোটেলের রন্ধন কাজে অভিজ্ঞতা।

বয়সসীমাঃ

(ক) ডিপ্লোমাদারী ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২০ হতে ৩৫ বছর।

(খ) নৌ-বাহিনীর প্রার্থীর ক্ষেত্রে ২৫ হতে ৪০ বছর।

জাতীয়তাঃ প্রার্থীগণকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

শারীরিক যোগ্যতাঃ এস টি সি ডব্লিউ'২০১০ কনভেনশন মোতাবেক প্রার্থীকে শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে।

প্রার্থীদের ইংরেজী ভাষা বুঝতে এবং কথপোকথনে সক্ষম হতে হবে।

প্রশিক্ষার্থী রেটিং (নাবিক) নির্বাচনের নিয়মাবলীঃ

১. প্রার্থীগণকে আটলান্টিক মেরিটাইম একাডেমির নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে।
২. আটলান্টিক মেরিটাইম একাডেমি নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত সকল দরখাস্ত বাছাইয়ের ব্যবস্থা গ্রহণ করবে। যে সমস্ত আবেদনপত্র নির্ধারিত সকল শর্তাবলী পূরণ করবে শুধুমাত্র ঐ সমস্ত আবেদনপত্রকেই যথাযথ বলে গণ্য করা হবে, অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৩. বাছাইয়ে উপযুক্ত বলে বিবেচিত প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে।
৪. মেডিক্যাল বোর্ড মৌখিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের ডাক্তারী পরীক্ষা করবে। প্রার্থীদের বুকের এক্সরে, প্রশ্রাব (সুগার/এলবোমিন), রক্ত (ভি.ডি.আর.এল), দৃষ্টিশক্তি, কালার ভিশন (বর্ণান্ধতামুক্ত) ও শ্রবণ শক্তি এস টি সি ডব্লিউ'২০১০ কনভেনশন এবং সরকার অনুমোদিত স্ট্যান্ডার্ড মোতাবেক পরীক্ষা করা হবে। ডাক্তারী পরীক্ষার সকলব্যয়ভার আটলান্টিক মেরিটাইম একাডেমি বহন করবে।

*Arif Mahmud*

ক্যাপ্টেন আরিফ মাহমুদ

উপাধ্যক্ষ

আটলান্টিক মেরিটাইম একাডেমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সমুদ্র পরিবহন অধিদপ্তর অনুমোদিত  
**আটলান্টিক মেরিটাইম একাডেমী**

সমুদ্রগামী জাহাজের রেটিং কোর্সে প্রশিক্ষণের জন্য ভর্তি বিজ্ঞপ্তি

ডেক ও ইঞ্জিন রেটিং :

এস.এস.সি (বিজ্ঞান), জিপিএ-২.৫ ও বয়স সীমা ১৬ হতে ২০ বৎসর।

সেলুন রেটিং :

এস.এস.সি জিপিএ-২.৫ ও বয়স সীমা ১৬ হতে ২০ বৎসর।

অভিজ্ঞ প্রশিক্ষণার্থী রেটিং (ফিটার ও কুক):

ডিপ্লোমাদারী ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২০ হতে ৩৫ বছর।

নৌ-বাহিনীর প্রার্থীর ক্ষেত্রে ২৫ হতে ৪০ বছর।

[www.ama.com.bd](http://www.ama.com.bd)

[f /AtlanticMaritimeAcademy](https://www.facebook.com/AtlanticMaritimeAcademy)

২য় ব্যাচে সীমিত আসনে

**ভর্তি চলছে**

ক্যাম্পাস: বাড়ি-১৯, রোড-০১, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।

০১৯৬৩৮৩০১৬৪, ০১৯৬৩৮৩০১৬৫

